আলমডাঙ্গায় ২ বেকারিতে ২৯ হাজার টাকা জরিমানা

জেলা ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে আলমডাঙ্গায় নোংরা পরিবেশে অস্বাস্থ্যকর খাদ্য দ্রব্য তৈরি ও পণ্যে মূল্য তালিকা না থাকায় ২ বেকারিতে জরিমানা করেছে।
গতকাল সোমবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকায় এ অভিযান পরিচালনা করেন।
অভিযানে আলমডাঙ্গার হাইরোডস্থ মেসার্স মামুন বেকারিতে অভিযান পরিচালনায় করেন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর। অভিযানে বেকারিতে অস্বাস্থ্যকর ভাবে খাদ্য দ্রব্য তৈরি ও তৈরিকৃত পণ্যে মোড়ক না থাকা ও মেয়াদ, মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭, ৪৩ ধারায় ৪ হাজার টাকা জরিমানা করেন।
এদিকে, গোপন সংবাদের ভিত্তিতে জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলায় দায়িত্বরত সহকারী পরিচালক সজল আহমেদ মেসার্স আরজু ফুডে অভিযান পরিচালনা করেন। অভিযানে আরজু ফুড নামের বেকারিতে নোংরা পরিবেশে খাবার তৈরি, মূল্য ও মেয়াদ তালিকা না থাকায় আরজু ফুডস এর মালিককে ২৫ হাজার টাকা জরিমানা করে।
দুই বেকারিতে ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে ২৯ হাজার টাকা জরিমানা করেন।
অভিযান চলাকালীন ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ আরও বেশকিছু প্রতিষ্ঠান ঘুরে দেখেন। এছাড়াও, সবাইকে পণ্যের মূল্যতালিকা প্রদর্শন ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয় না করার জন্য নির্দেশনা দেয়া হয়।
অভিযানের সময় উপস্থিত জনসাধারণকে ভোক্তা অধিকার আইন সম্পর্কে সচেতন করা হয়।
নিরাপত্তায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এরূপ কার্যক্রম অব্যাহত থাকবে।

মুকুল মোবাইল সার্ভিসিং এর শুভ উদ্বোধন

শনিবার দুপুরের দিকে মেহেরপুর কাঁশারী বাজার সাউদিয়া টাওয়ারে নিচে মোবাইল সার্ভিসিং ফিতা কেটে শুভ উদ্বোধন করা হয় ।

মুকুল মোবাইল সার্ভিসিং এর প্রতিষ্ঠাতা মোঃ মুকুল হোসেন বলেন গ্রাহকরা আমার কাছ থেকেসকল ধরনের মোবাইল সার্ভিসিং করতে পারবেন ।এবং সেই সাথে সকল ব্যান্ডের মোবাইল ফোনের টার্চ, ডিসপ্লে, ব্যাটারি, চার্জার, হেডফোন সহ মোবাইল ফোনের বিভিন্ন যন্ত্রাংশ আমার কাছে পাওয়া যাবে । আরো বলেন মো্বাইল সকল মালামাল পাইকারী বিক্রয় করা হভে।মোবাইলের অপারেটিং সিস্টেম কাজ করা হবে।

মুকুল মোবাইল সার্ভিসিং এর প্রতিষ্ঠাতা মোঃ মুকুল হোসেন বলেন আমার এই মোবাইল সার্ভিসিং শেষ না,খুব শিগ্রই সকল ব্যান্ডের বাটাম ফোন সহ এনড্রয়েড টার্চ ফোন এখানে পাওয়া যাবে বলে জানান তিনি।

গাংনীতে জাতীয় বীমা দিবস পালিত

“মুজিব বর্ষের অঙ্গীকার বীমা হোক সবার” এবারে এই প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় বীমা দিবস পালিত হয়েছে। মেহেরপুরের গাংনীতে জাতীয় বীমা দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা, বীমা বিষয়ক গান প্রচার, বীমা মেলা, উদ্বুদ্ধকরণ সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার (১লা মার্চ) সকালে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা সম্মেলন কক্ষে করোনা পরিস্থিতির কারণে স্বাস্থ্য বিধি মেনে স্বল্পপরিসরে আলোচনা সভা করা হয়।
উদ্বুদ্ধকরণ সভায় গাংনী উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নূর-ই-আলম সিদ্দিকী।
এ সময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা

পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াছমিন। উপজেলা সহকারী কমিশনার বলেন, বীমা দেশের একটি সম্ভাবনাময় খাত। মানুষের জীবন ও ঝুঁকি নিরসনে বীমা বিশ্বব্যাপী অন্যতম পদ্ধতি হিসেবে বিবেচিত হয়ে আসছে। বীমার ব্যপ্তি বৃদ্ধির লক্ষ্যে জনমনে বীমা সম্পর্কে ইতিবাচক ধারণা তৈরির উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বীমা সম্পর্কিত সভা, সেমিনার, বীমা পরিশোধের জন্য অনুষ্ঠান করে জনসচেতনতা বৃদ্ধির লক্ষে বীমা দিবস উদযাপন করা হচ্ছে। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের টেকনিক্যাল অফিসার আব্দুল্লাহ আল মাসুম, পপুলার লাইফ ইন্স্যুরেন্সের গাংনী উপজেলা ইনচার্জ মখলেছুর রহমান, গাংনী পপুলার বীমার অতিরিক্ত প্রকল্প পরিচালক ফেরদৌস আলমসহ বীমার মাঠকর্মীবৃন্দ।
অনুষ্ঠানের শেষে জাতীয় বীমা দিবস উপলক্ষে ‘বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বীমার গুরুত্ব’ বিষয়ক রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

কার্পাসডাঙ্গায় অপরিচ্ছন্ন পরিবেশে তৈরি হচ্ছে ভেজাল ডিটারজেন্ট

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গার নতুন পড়ায় শাফা কেমিক্যাল কোং নামের একটি প্রতিষ্ঠানে অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশ ও স্যাঁতস্যাঁতে ঘরের মাঝে দীর্ঘদিন ধরে তৈরি করা হচ্ছে ঝিলিক ডিটারজেন্ট পাউডার। প্রতিষ্ঠানটির ভিতরে প্রবেশ করলে অনায়াসে নিঃশ্বাসের সাথে পাউডারের কণা প্রবেশ করবে। প্রতিষ্ঠানটির মালিক তরিকুল ইসলাম ও তার একমাত্র সহকারী যার নেই কোন ডিটারজেন্ট তৈরির ন্যূনতম একাডেমিক শিক্ষা বা প্রশিক্ষণ।
অভিযোগ রয়েছে প্রতিষ্ঠানটির ঠিক কোন কাগজপত্র নেই। তারিকুল যে ঝিলিক পাউডার তৈরি করছেন সে পাউডারের বাজার মূল্য অন্যআন্য পাউডারের তুলনায় অনেক কম। বর্তমান বাজারের বিভিন্ন কোম্পানির পাউডার রয়েছে যেমন- রিং হুহল পাওয়ার, হুহল পাউডার, সার্ফএক্সেল ,

রে পাউডার, ঘড়ি পাউডার যথাক্রমে ১১০, ৮০, ১৭০০, ১২৫, ১০০ টাকা দরে বিক্রয় করা হচ্ছে। সেখানে তরিকুল ইসলামের পাউডার টি অত্যন্ত নিন্মমানের হওয়ার জন্য মাত্র ৪০-৫০ টাকা দর কেজিতে বিক্রয় করছে ‘ঝিলিক ডিটারজেন্ট পাউডার’ নামের পাউডার টি। ঝিলিক পাউডার বাজারের অন্য সকল পাউডারের থেকে কম দামে পাচ্ছেন বলে গ্রামের সহজ সরল মানুষেরা না বুঝে হচ্ছেন মহা খুশি। খুশির সাথে পাউডার কিনে বাড়ি নিয়ে কাপড়চোপড়সহ নিজেদের অজান্তেই ক্ষতিগ্রস্থ করছেন শরীরের চামড়া।
তরিকুল ইসলামের কাছে জানা যায় দীর্ঘ ৭/৮ বছর সে এই ব্যবসা পরিচালনা করে আসছে। আমার বিএসটিআই এর লাইসেন্স রয়েছে এবং তার সমস্ত ডকুমেন্ট ঠিক আছে।
নিন্মমানের ভেজাল ডিটারজেন্ট পাউডার মানবদেহের কি পরিমাণের ক্ষতি করে থাকেন সে বিষয়ে জানতে চাইলে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডাঃ সোহরাব হোসেন বলেন-নিন্মমানের ডিটারজেন্ট পাউডার ব্যবহারের কারণে কাপড়ের রং নষ্ট হওয়া সহ শরীরে চর্মরোগের দেখা মেলে। এ ধরনের পাউডার দীর্ঘদিন ব্যবহারের কারণে ক্যান্সারে আক্রান্তের আশঙ্কা থাকে। নিন্মমানের পাউডার ব্যবহার এড়িয়ে চলা ভালো।
দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান- শাফা কেমিক্যাল কোং নামের প্রতিষ্ঠানটির নামে অভিযোগ পাওয়ার প্রক্ষিতে সরেজমিনে যাওয়া হয়েছিলো। সেখানে পৌঁছানোর পর প্রতিষ্ঠানটির মালিক তরিকুলের আত্নবিশ্বাস দেখে কিছুটা বিচলিত বোধ করি। একজন নিরপরাধ ব্যক্তির বিরুদ্ধে এমন অভিযোগ কেন? পরবর্তীতে তার লাইসেন্স দেখার পর ঠিক বিষয় জানা যায়। দীর্ঘদিন যে নামে ব্যবসা পরিচালনা করছে সেই নামের সাথে লাইসেন্সের নামের কোন সাদৃশ্য পাওয়া যায় নাই। অত্যন্ত নিম্নমানের উপাদান ব্যবহার করে তৈরি করা হচ্ছিলো এই ডিটারজেন্ট। এছাড়াও তরিকুল ইসলামের একমাত্র সহকারীর কাছে ডিটারজেন্ট তৈরির প্রক্রিয়া জানতে চাইলে সে জানায়, ১২ টি উপাদান একসাথে মিশিয়ে এই পাউডার তৈরি করছি। এই উপাদানগুলোর নাম সে জানেও না। সে শুধু তরিকুল ইসলামের নির্দেশনা মতো মিক্সিং করে থাকেন। পরবর্তীতে তরিকুল তার ভুল স্বীকার করেন। মোবাইল কোটের মাধ্যমে ঐ প্রতিষ্ঠানটিকে অর্থ দণ্ড করা হয়। কাগজপত্র ঠিক করে নিয়ম মেনে ঠিক পদ্ধতিতে ডিটারজেন্ট উৎপাদন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

ভেড়ামারায় শেষ হলো ৩ দিনব্যাপী উদ্যোক্তা মেলা

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলা চত্বরে কুষ্টিয়া অনলাইন উদ্যোক্তা পরিবার (কুউপ) আয়োজিত সৃজনশীল উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তিন দিনব্যাপী উদ্যোক্তা মেলার শেষ হয়েছে।
গতকাল শনিবার দুপুরে ভেড়ামারা উপজেলা মিলনায়তনে সমাপনী ও সেরা স্টলদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।
পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভেড়ামারা উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী আক্তারুজ্জামান মিঠু, ভেড়ামারা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সোহেল মারুফ, ভেড়ামারা প্রেস ক্লাবের সভাপতি জাহাঙ্গীর হোসেন জুয়েল, ভেড়ামারা কলেজের ইংরেজী বিভাগের প্রভাষক মোস্তাফিজুর রহমান শামীম, প্রবীণ শিক্ষক বিনোদ কুমার বিশ্বাস, ইঞ্জিনিয়ার রতন, সুলতান, রানা মন্ডল ও শরিফুল ইসলাম প্রমুখ। বক্তারা বলেন, সৃজনশীল উদ্যোক্তারা দেশে নতুন করে কর্মসংস্থান তৈরি করে অর্থনীতিতে অবদান রাখবে। শুধু তাই নয়, আরও মানুষের কর্মসংস্থানও সৃষ্টি করতে সক্ষম হয়। বক্তারা আরও বলেন, একজনের অর্থনৈতিক-সামাজিক স্বচ্ছলতা না থাকতে পারে, কিন্তু যখন তার একটা বড় স্বপ্ন আছে, তিনিও সফল উদ্যোক্তা হওয়ার সমান সম্ভাবনা রাখেন। মালদ্বীপ প্রবাসী জীবন রহমান মহন এর সৃষ্টি কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ) গ্রুপের এই মেলায় ৪০টি স্টল স্থান পেয়েছে।
সেরা স্টল হিসেবে প্রথম স্থান অধিকার করেন ঐতিহ্যর সমাহার, ২য় স্থান অধিকার করেন অঙ্গন বুটিকস এন্ড ব্যাগ হাউজ, ৩য় স্থান অধিকার করেন চিকেন হোম ডেলিভারী। তিন দিনের এই মেলায় উপচে পড়া ভীড় ছিলো।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ) এর প্রধান (ক্রিয়েটর) মালদ্বীপ প্রবাসী জীবন রহমান মহন মুঠোফোনে জানান, ‘করোনার প্রথম দিকে নতুন উদ্যোক্তারা যখন এক প্রকার দিশেহারা হয়ে যাচ্ছিলেন, তখন আমরা অনুধাবন করি যে আমাদের একটি প্ল্যাটফর্ম প্রয়োজন। এই প্ল্যাটফর্মের উদ্দেশ্য হলো দক্ষ উদ্যোক্তা তৈরি করা ও তাদের নিজেদের পণ্যের ব্র্যান্ডিং সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সাহায্য করা।

আমরা অনলাইনের মাধ্যমে সে সময় থেকে আমাদের সদস্যদের নিয়ে কর্মশালা এবং কীভাবে প্রোডাক্ট সেলিং, মার্কেটিং, সোর্সিং, প্রাইজিং হয়, এসব বিষয়ে অনেকবার জুম মিটিং করেছি। এছাড়াও ‘আমাদের কাজ হলো তরুণদের ঠিকভাবে দিক নির্দেশনা দেওয়া। এজন্যই সবাইকে এক ছাদের নিচে আনার প্রচেষ্টা করেছি।’ সর্বপরি সফলও হয়েছিলো। করোনারর সময় থেকে এই গ্রুপ খোলার পর অনেকেই ঘরে বসে বিভিন্ন খাদ্যপণ্য থেকে শুরু করে ব্যবহার্য সবই পেয়েছে এই গ্রুপের মাধ্যমে। এতে করে একদিকে যেমন মানুষের চাহিদা মেটাতে সক্ষম হয়েছি অপরদিকে অনেকর কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে উদ্যোক্তা তৈরি করতে সক্ষম হয়েছি। আর তিন দিন ব্যাপী আজকের এই মেলার সমাপনীতে অবশ্যই সাফল্য লাভ করেছি।

ভেড়ামারায় কুউপ আয়োজিত উদ্যোক্তা মেলার উদ্বোধন

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ বলেছেন, সৃজনশীল উদ্যোক্তারা দেশে নতুন করে কর্মসংস্থান তৈরি করে অর্থনীতিতে অবদান রাখবে। শুধু তাই নয়, আরও মানুষের কর্মসংস্থানও সৃষ্টি করতে সক্ষম হবে।
তিনি বলেন, “একজনের অর্থনৈতিক-সামাজিক স্বচ্ছলতা না থাকতে পারে, কিন্তু যখন তার একটা বড় স্বপ্ন আছে, তিনিও সফল উদ্যোক্তা হওয়ার সমান সম্ভাবনা রাখেন।”
গতকাল বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) বিকালে ভেড়ামারা উপজেলা চত্বরে তিন দিনব্যাপী উদ্যোক্তা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।
তিনি বলেন, আর্থ-সামাজিক স্বচ্ছলতা উদ্যোক্তা হওয়ার পথে একজনের যাত্রাকে সহজ করে দেয়। তবে কোনো ধরনের সমর্থন ছাড়াও যে কেউ উদ্যোক্তা হতে পারেন। আর তাই জীবনে যেতে চাইলে সংগ্রাম করতে হবে।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতানের সভাপতিত্বে
অনুষ্ঠানে জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম

স্বপন, উপজেলার পরিষদের চেয়ারম্যান হাজী আক্তারুজ্জামান মিঠু, অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) ইয়াসির আরাফাত, মেয়র আনোয়ারুল কবির টুটুল, তার সহধর্মিণী কবি ও লেখক আমেনা খানম, সাবেক মেয়র শামীমুল ইসলাম ছানা, ভেড়ামারা প্রেস ক্লাবের সভাপতি জাহাঙ্গীর হোসেন জুয়েল উপস্থিত ছিলেন।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ) নামের কুষ্টিয়ার সর্ব প্রথম অনলাইন উদ্যোক্তা গ্রুপ এ মেলার আয়োজন করে।
মেলায় ৩৭টি স্টলে বিক্রেতারা আয়োজনের পসরা সাজিয়ে বসেছেন। (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতান বলেন, মালদ্বীপ প্রবাসী তরুণ জীবন রহমান মহন এর সৃষ্টি করা (কুউপ) এর মাধ্যমে অনলাইনে কেনা- বেচা করা নারী ও পুরুষ উদ্যোক্তাদের হরেক পণ্যের সমাহার বসে এ মেলায়। মেলা উপলক্ষে বিভিন্ন স্টলে ছাড়ের সুবিধার পাশাপাশি সেলফি তুলেও থাকছে পুরষ্কারের ব্যবস্থা। এছাড়া ফ্রি ওয়াইফাইসহ মেহেদী উৎসবের আয়োজনও রয়েছে মেলা প্রাঙ্গণে।
মেলায় হস্তশিল্প, কারুকার্য, হাতে বানানো পোশাক, শিশুদের তৈরি পোষাক, হোম মেইড ফুড, জুয়েলারি সামগ্রী, অর্গানিক পণ্য ও ঐতিহ্যের সমাহার খাবারসহ বিভিন্ন পণ্যের আয়োজন রয়েছে সেখানে। পাশাপাশি বিভিন্ন খেলনার দোকান, মুড়ি মুড়কি, বাতাসা ও জিলাপীর দোকান বসেছে।
প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকছে এ মেলা। চলবে আগামী শনিবার (২৭ ফেব্রুয়ারি) পর্যন্ত।

বারাদী বাজারে ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের অভিযান

মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারে ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের অভিযান পরিচালিত হয়েছে। গতকার বৃহস্পতিবার দুপুরে বারাদী বাজারের বেশ কয়েকটি দোকানে এ অভিযান চালিয়ে ৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে । অভিযানে মেয়াদ উত্তীর্ণ ঔষধ ও পণ্য এবং অস্বাস্থ্যকর পরিবেশ থাকার অপরাধে আনোয়ার বীজ ভাণ্ডারে ৩ হাজার, আবু বকর এন্ড সন্সে ১ হাজার, তাহের হোটেলে ১ হাজার ও খোকা

ফার্মেসীতে ৩ হাজার টাকা জরিমানা আদায় করেন।
অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকার ও সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ, অভিযানে সহযোগিতা করে মেহেরপুর জেলা পুলিশের একটি টিম।

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্র্ক মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
অটো রাইস মিল অনার্স এসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মোয়াজ্জেম হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এ.কে.এম খোরশেদ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মফিজ মিয়া এবং যুগ্ম-সাধারণ সম্পাদক ওমর ফারুক। বক্তারা, সরকারের কাছে তাদের দাবি আদায়ে সংগঠনের নেতা কর্মীদের আরও সংগঠিত হওয়ার আহ্বান জানান। সেই সাথে নিরাপদ চাল উৎপাদন ও ভেজাল রোধে মিল মালিকদের স্বচ্ছতার সাথে ব্যবসায় করার পরামর্শ প্রদাণ করেন। মতবিনিময় সভায় ঝিনাইদহসহ দেশের ২০ টি জেলার চালকল মালিকরা অংশ নেয়।

আলমডাঙ্গার বিশিষ্ট ব্যবসায়ী হাজী আলতাব হোসেনের মৃত্য

আলমডাঙ্গা বাজারের বিশিষ্ট কাপড় ও সুতা ব্যবসায়ী হাজী আলতাব হোসেন বার্ধক্য জনিত কারণে মৃত্যবরণ করেছেন। গতকাল ভোর সাড়ে

৬টার দিকে নিজ বাস ভবনে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৭৮)। (ইন্না লিল্লাহি —– রাজিউন)। হাজী আলতাব হোসেন মিয়ার পারিবারিক সূত্রে জানা যায়, তিনি বেশ কিছুদিন যাবৎ অসুস্থ অবস্থায় বিছানাগত ছিলেন। গতকাল বাদ আসর আলমডাঙ্গা দারুস সালাম কবরস্থানের মাঠে জানাজা অনুষ্টিত হয়। জানা যায় অংশ গ্রহণ করেন, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, সাবেক পৌর মেয়র বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, সাবেক পৌর মেয়র আলহাজ্ব মীর মহিউদ্দিন, কাপড় ব্যবসায়ী সমিতির সভাপতি আলহাজ্ব গোলাম রহমান সিঞ্জুল, আলহাজ্ব আব্দুল হাই, আলহাজ্ব রইছ উদ্দিন, আলহাজ্ব শফিউদ্দিন, জেলা পরিষদ সদস্য আবু মুসা, বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন,বাবলু মিয়া,সরকারি কলেজের প্রভাষক জামাল উদ্দিন, সাবেক ওসি মতিয়ার রহমান, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, যুবলীগ নেতা আহসান উল্লাহ, শেখ আমানুল্লাহ, কাউন্সিলর কাজী আলী আসগর সাচ্চু, এ্যাডঃ মুকুল, এ্যাডঃ আব্দুর রউফ, আলহাজ্ব আলাউদ্দিন মিয়া, জাইদুল ইসলাম, প্রেস ক্লাবের সম্পাদক হামিদুল আজম, আলহাজ্ব ফকির মোহাম্মদ, শেখ আব্দুল জব্বার, সাবেক ব্যাংকার আলহাজ্ব মহিউদ্দিন প্রমুখ।
জানাযা পড়ান মওঃ আব্দুল কাদের। জানাযা শেষে দাফন সম্পন্ন করা হয়। মৃত্য কালে স্ত্রী, ৫ছেলে, ২মেয়ে,আত্মীয় স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসককে মৌবনের শুভেচ্ছা

কুষ্টিয়ার নবাগত জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে।
মৌবন ঢাকা-কুষ্টিয়ার পক্ষ থেকে তাকে (ডিসি) এই ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
গতকাল বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।
এ সময় মৌবন ঢাকা-কুষ্টিয়ার অফিস এক্সিকিউটিভ মীর তনিমা,

কর্মকর্তা ইমদাদসহ অন্যান্য কর্মকর্তারা এই ফুলেল শুভেচ্ছা জানান।